

আজ এসএসসি  
টেস্ট পরীক্ষা

শুরু হওয়ার

কথা—

(ইন্ডেক্স রিপোর্ট)

নির্ধারিত সময়সূচী অনুযায়ী  
আজ (সোমবার) ইইতে এসএসসি  
টেস্ট পরীক্ষা শুরু হওয়ার কথা।বেসরকারী স্কুলগুলিতে পরীক্ষা  
গ্রহণের প্রস্তুতি নেওয়া হইলেও  
শিক্ষক ধর্মঘট অব্যাহত থাকার

(১ম পৃঃ পরঃ এর কঃ দঃ)

## টেস্ট পরীক্ষা

(১ম পৃঃ পরঃ)

কারণে ১৭০টি সরকারী হাইস্কুলে  
টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হইবে না।  
এই পরিস্থিতিতে ছেলে-মেয়েদের  
ভবিষ্যৎ লইয়া অভিভাবক মহলে  
উদ্বেগ ও আশংকা দেখা  
দিয়াছে। গত সেপ্টেম্বর মাসের  
২৭ তারিখ হইতে এ-দফ দাবীতে  
১৭০টি সরকারী হাইস্কুলের  
শিক্ষকগণ ধর্মঘট শুরু করিয়া  
ছেন। দীর্ঘ ৪৭ দিন যাবৎ ধর্ম-  
ঘট অব্যাহত থাকার ফলে  
সরকারী হাইস্কুলের ছাত্র-ছাত্রী  
দের পড়াশুনার কতটা বাধাত  
সৃষ্টি হইয়াছে, ইহা বলার  
অপেক্ষা রাখে না। আগামী  
২৭শে নভেম্বর হইতে জুনিয়ার  
মুক্তি পরীক্ষা শুরু হওয়ার কথা।  
সরকারী স্কুলের শিক্ষকদের ধর্মঘট  
অব্যাহত থাকিলে এই পরীক্ষাও  
সময়মত অনুষ্ঠিত নাও হইতে  
পারে বলিয়া সংশ্লিষ্ট মহল  
সন্দেহ প্রকাশ করিয়াছেন।

এদিকে বেসরকারী হাইস্কুল-  
গুলিতে নভেম্বর মাসের মধ্যেই  
বার্ষিক পরীক্ষা গ্রহণের ব্যবস্থা  
নেওয়া হইতেছে। জানা গিয়াছে  
যে, ১লা ডিসেম্বর হইতে দেশের  
বেসরকারী হাইস্কুলের শিক্ষকগণও  
উঁহাদের দাবী দাওয়া আদায়ে  
ধর্মঘট শুরু করিবেন।